# দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

**South 24 Parganas Zilla Parishad**

www.zps24pgs.gov.in

New Administrative Building, 2nd & 3rd Floor, Alipore, Kolkata - 700 027
Fax: +91 33 2448 4602. e-mail: aeozp-ali@nic.in


**স্মারক নং :- ৫৩৭০ /জেড.পি/ফেরী/পুনর্নিলাম/২৪** **তারিখ : ০৬/১১/২৪**

## নিলাম / পুনর্নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধাণরকে জানানো হচ্ছে যে, সংযোজিত তালিকায় বর্ণিত ফেরীঘাটগুলি উল্লেখিত তারিখে জেলা পরিষদ কার্যালয়ে বেলা ১২ টায় লাইসেন্সের মাধ্যমে পার্শ্বে বর্ণিত মেয়াদের বন্দোবস্ত দেবার উদ্দেশ্যে প্রকাশ্য পুনর্নিলাম অনুষ্ঠিত হবে। ফেরীঘাটের ক্ষেত্রে ডাকের নুন্যতম বাৎসরিক ইজারামূল্যের পরিমান **সংযোজনী - ৩-এ** উল্লেখ করা হয়েছে।

**ক) নিলাম / পুনর্নিলাম-এ অংশগ্রহণের যোগ্যতা ঃ**

১। জেলার স্থায়ী অধিবাসী ও জেলায় অবস্থিত বিধিবদ্ধ পার্টনারশিপ ফার্ম, কোম্পানী, সমবায় সমিতি,আনন্দধারা অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্টী ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

২। পুনর্নিলাম-এর বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তি নিলামের জন্য ধার্য্যকৃত নির্দিষ্ট দিনে দুপুর ১২ টার মধ্যে আবেদনপত্র ও যোগ্যতার সপক্ষে প্রমাণপত্রের প্রত্যায়িত নকল কপি পুনর্নিলাম টেবিলে উল্লেখিত স্থানে জমা দিতে হবে। প্রকাশ থাকে যে, পুনর্নিলাম-এর সময় নিলাম কক্ষে সমস্ত Original Copy দাখিল করিতে হইবে।

৩। ইচ্ছুক ডাকদাতা / ডাকদাতা সংস্থাকে পুনর্নিলাম-এর ডাকের পূর্বে উল্লেখিত ফেরীঘাটগুলির জন্য ডাকের নুন্যতম বাৎসরিক ইজারামূল্য "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন "ব্যাঙ্ক ড্রাফ্‌ট"- পুনর্নিলাম-এর প্রারম্ভে পুনর্নিলাম কক্ষে জমা করতে হবে। নচেৎ উক্ত পুনর্নিলাম-এ অংশগ্রহণ করতে পারবেন না।

৪। আবেদনের সঙ্গে বৈধ আয়কর, বিক্রয়কর, ট্রেড লাইসেন্স সংক্রান্ত সার্টিফিকেট পেশ করতে হবে। কোম্পানি, সমবায় সমিতি, আনন্দধারা অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্টীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জমা করতে হবে।

৫। দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট বয়ানে (তালিকায় সংযোজিত) ১০ টাকার নন্‌ জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে নোটারী প্রত্যয়িত হলফনামা জমা দিতে হইবে।

৬। প্রত্যেক বৈধ অংশগ্রহণকারী বা কারীগণ অথবা তাঁর বা তাঁদের অনুপস্থিতিতে তাঁর বা তাঁদের মনোনীত একজন প্রতিনিধি তৎসহ প্রাধিকার অর্পণ পত্র (Authorized letter) সহ পুনর্নিলাম-এর কক্ষে উপস্থিত থাকিয়া পুনর্নিলাম-এ অংশগ্রহণ করিবেন।

খ) <u>নিলাম / পুনর্নিলাম-এ অংশগ্রহণের অযোগ্যতা ঃ</u>

১। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ (এর রূল নং - ১৪২ (সি) অনুযায়ী) অনুযায়ী ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত বা কোনো সংস্থার সঙ্গে যুক্ত অথবা আধিকারিক বা কর্মী অথবা কোনো অংশীদারী সংস্থার সঙ্গে যুক্ত অথবা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের সঙ্গে সংস্থাগতভাবে সম্পর্কিত কোনো ব্যাক্তি বা সংস্থা।

২। যদি প্রমানিত হয় যে আবেদনকারী ইতিপূর্বে জেলা পরিষদের কোনো ফেরীঘাট বিনা রাজস্বে ও অবৈধ ভাবে চালিয়েছেন।

৩। আর্থিক ভাবে 'ইনসলভেন্ট' ঘোষিত হলে।

৪। ইতিপূর্বে জেলা পরিষদ দ্বারা প্রাপ্ত কোনো দায়িত্ব পালনে শর্ত ভঙ্গ হয়ে থাকলে।

৫। অসম্পূর্ণ অথবা ভুল তথ্য দেওয়া হলে।

৬। উপরে উল্লিখিত 'ক' অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতাবলীর অধিকারী না হয়ে থাকলে।

৭ নিলাম / পুনর্নিলামে অংশগ্রহনকারী প্রথম ও দ্বিতীয় ডাকদাতা বিবেচিত হওয়ার পর ডাকের টাকা জেলা পরিষদে নির্দিষ্ট দিনে জমা দিতে অসমর্থ হলে সেই সময় থেকে পরবর্তী পাঁচ বছর পর্যন্ত তিনি / সেই সংস্থা তাঁদের নিলামে / পুনর্নিলামে অংশগ্রহনের আবেদন মঞ্জুর হইবে না।

গ) <u>শর্তাবলী</u> ঃ

১। (ক) ফেরী পারাপারের জন্য আবেদনকারী ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে জলধারা প্রকল্পে জেলা পরিষদ হইতে প্রাপ্য বোট / নৌকা উপযুক্ত ভাড়ার মাধ্যমে লইতে হইবে। যদি অবিলম্বে জেলা পরিষদ বোট / নৌকার বন্দোবস্ত করিতে না পারে তাহলে তাহাদের নিজেদের বন্দোবস্ত করিতে হইবে। প্রতিটি ফেরীঘাটের জন্য অন্তত: দুটি বোট আবশ্যক।

(খ) ফেরী চালানোর জন্য সরকারী ট্রেনিং প্রাপ্ত অন্তত: দুজন মাঝি ও তৎসহ চারজন সহকারী আবশ্যক। সমস্ত মাঝি ও সহকারীদের আর্থিক দায়ভার ডাকদাতাদেরই লইতে হইবে।

২। ইচ্ছুক ডাকদাতা / ডাকদাতা সংস্থাকে পুনর্নিলাম-এর ডাকের পূর্বে উল্লেখিত ফেরীঘাটগুলির জন্য নির্ধারিত বাৎসরিক ইজারামূল্যের অর্থ ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে প্রত্যেক ডাকদাতাকে অবশ্যই পুনর্নিলাম-এর প্রারম্ভে পুনর্নিলামের কক্ষে জমা করতে হবে। নচেৎ উক্ত পুনর্নিলামে অংশগ্রহণ করতে পারবেন না। সর্বোচ্চ ডাকদাতা ও দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা ব্যতিরেকে বাকী ডাকদাতাগণের ব্যাঙ্ক ড্রাফ্ট পুনর্নিলাম অন্তে উক্ত দিনেই ফেরৎ

দেওয়া হবে। উল্লেখ থাকে যে, উক্ত ইজারামূল্যের টাকা "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন "ব্যাঙ্ক ড্রাফ্‌ট"-এর মাধ্যমে পরিষদের নামে জমা করতে হবে।

৩। পুনর্নিলামের ক্ষেত্রে অন্ততঃ দুই জন ডাকদাতার উপস্থিতি ছাড়া পুনর্নিলাম সম্পূর্ণ করা যাবে না এবং সেক্ষেত্রে পুনরায় পুনর্নিলাম হবে।

৪। পুনর্নিলাম-এ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ডাক হলে নূন্যতম ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০,০০১/- (পঁঞ্চাশ হাজার এক) থেকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ডাক হলে নূন্যতম ১০০০/- (এক হাজার) টাকা, ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশি ডাক হলে নূন্যতম ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বাড়িয়ে ডাকদাতাগণকে প্রতিবার ডাক দিতে হবে।

৫। ক) সংশ্লিষ্ট ফেরীঘাটগুলির পুনর্নিলাম-এর সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে পুনর্নিলাম-এর সমাপ্তি ঘোষিত হওয়ার পর ডাকের সম্পূর্ণ ইজারামূল্যের অবশিষ্ট টাকা ডাকের ঐদিনে অথবা উক্ত দিনের পর দুইটি কাজের দিনের মধ্যে বিকাল ৩ টার মধ্যে ব্যাঙ্ক ড্রাফ্‌ট-এর মাধ্যমে AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে (যা কলকাতাস্থিত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে কোনও শাখায় ভাঙ্গানো যাবে) জেলা পরিষদে জমা দিতে হবে। সম্পূর্ণ টাকা এইরূপে মিটিয়ে দিতে না পারলে অনুরূপ ভাবে ২য় সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে তার ডাকের অবশিষ্ট টাকা পরবর্তী দুইটি কাজের দিনে বিকেল ৩ টার মধ্যে জমা দিয়ে ফেরীঘাটগুলির ইজারা নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রথম ডাকদাতার ডাকের অবশিষ্ট অর্থ নির্দিষ্ট সময়ে জমা করতে ব্যর্থ হলে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাকদাতা নিজ দায়িত্বে ও নিজ তাগিদে তার ডাকের অবশিষ্ট অর্থ পরবর্তী দুইটি কাজের দিনের মধ্যে জমা করবে। এক্ষেত্রে পরিষদ কোন ভাবেই তাকে খবর দিতে বাধ্য থাকবে না এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিতে না পারলে ফেরীঘাটি ইজারাকৃত করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নিলাম কমিটির থাকবে অথবা যদি উক্ত ফেরীঘাটগুলির পুনর্নিলাম-এর প্রয়োজন দেখা দেয় তবে ১ম ও ২য় ডাকদাতা ব্যতিরেকে বাকী ডাকদাতাদের পুনর্নিলামে অংশগ্রহণ করতে দেওয়া হবে।

খ) নিলাম / পুনর্নিলামের পর সফল ডাকদাতাকে পরিষদ প্রদত্ত দখলানামার কপি ডাকযোগে / কুরিয়ার / ই-মেল / হোয়াটস্‌আপ-এর মাধ্যমে প্রেরণ করা হবে।

গ) সফল ডাকদাতা তাঁর ডাকের সম্পূর্ণ অর্থ জমা দেওয়ার পর পুনর্নিলামে ইজারাপ্রাপ্ত ঘাটের মেয়াদকাল আরম্ভ হওয়ার পূর্বে পরিষদ কৃর্তক দখলনামার কপি নিজ দায়িত্বে পরিষদের রাজস্ব বিভাগ থেকে সংগ্রহ করিতে পারিবে।

৬। ক) সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থা সমুদয় টাকা উল্লিখিত শর্তানুযায়ী জমা দিতে না পারলে ডাকদাতা / সংস্থার জমা রাখা ইজারামূল্য বাজেয়াপ্ত হয়ে যাবে। অনুরূপভাবে দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা / সংস্থার ক্ষেত্রেই একই নিয়ম প্রযুক্ত হবে।

খ) পুনর্নিলাম-এর সময় যদি একজন ডাকদাতা উপস্থিত থাকেন এবং জেলা পরিষদ যদি উক্ত দিনে কোন সিদ্ধান্ত না গ্রহণ করে থাকে তবে পুনরায় যদি পুনর্নিলাম হয় সেক্ষেত্রে উক্ত ব্যক্তি অংশগ্রহণ করতে পারবে।

৭। প্রথম ও দ্বিতীয় উভয় ডাকদাতাই অসমর্থ হলে ফেরীঘাট ইজারা সংক্রান্ত সিদ্ধান্ত জেলা পরিষদ যথাসময়ে গ্রহণ করবে এবং এই সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পুনর্নিলাম-এর অংশগ্রহণকারী ব্যক্তি বা সংস্থার কোন দাবী বা আবেদন গ্রাহ্য হবে না।

৮। জেলা পরিষদের দ্বারা মনোনীত নিলাম কমিটি পুনর্নিলাম-এ প্রদত্ত দর ও সংযোজিত নথীসমূহ লিপিবদ্ধ করবেন ও জেলা পরিষদের কাছে পেশ করবেন যাতে জেলা পরিষদ অন্তিম সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

৯। ইজারাদার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ফেরীঘাটগুলির পুণঃবন্দোবস্ত দিলে অথবা এই নোটিশে বর্ণিত কোনো শর্ত ভঙ্গ বা অমান্য করে ডাকে অংশ নিয়ে ইজারা লাভ করলে ইজারা বাতিল ও দখল নামা প্রত্যাহার করে নেবার ক্ষমতা জেলা পরিষদের থাকবে। এ ক্ষেত্রে ডাকের জমা অর্থ সম্পূর্ণরূপে বাজেয়াপ্ত করার ক্ষমতা জেলা পরিষদের থাকবে।

১০। ইজারা দান সংক্রান্ত বিবাদ মীমাংসা জেলা পরিষদের সংশোধিত উপবিধি ২০১৪ অনুযায়ী সকল পক্ষের ক্ষেত্রে প্রযোজ্য ও কার্যকর হবে।

১১। পুনর্নিলাম-এর সময় থেকে ইজারার মেয়াদকালের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত আদালতের অন্তবর্তী বা চূড়ান্ত আদেশনামা জারী হলে, তা কার্যকর করার ক্ষেত্রে ইজারাদার জেলা পরিষদের উপর কোনো আর্থিক দায়ভার / ক্ষতিপূরণ চাপাতে পারবে না।

১২। মেয়াদকাল শেষ হবার পূর্বে বিশেষ পরিস্থিতিতে জেলা পরিষদ মেয়াদসীমা হ্রাস অথবা বন্দোবস্ত প্রত্যাহার করে নিতে পারবে এবং এক্ষেত্রে বাকী সময়ের জন্য ইজারা মূল্য আনুপাতিক হারে জেলা পরিষদ ফেরত দেবে বা দাবি করবে।

১৩। পুনর্নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে নিলাম কমিটির গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। ফেরীঘাট ইজারা লাভ করিলে দখলনামার সহিত প্রদত্ত Model Standard of Operating Procedure (SOP) স্মারক নং - 3450/WT/TR/O/3W – 15/2016, dt. 05/09/2016 ইজারাদারকে সম্পূর্ণরূপে সকল অবস্থাতেই মানিয়া চলিতে হইবে। অন্যথায় তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার পরিষদের থাকিবে। উক্ত স্মারকে উল্লেখিত নিম্ন লিখিত বিধিসমূহ বিশেষ ভাবে মেনে চলতে হবে।

ক) জেটির প্রধান প্রবেশদ্বারের সম্মুখে ফেরীর সময়সূচী, ভাড়ার তালিকা ও অন্যান্য বিবরণ প্রদর্শণ করতে হবে।

খ) প্রত্যেকটি ভেসেলের সর্বাধিক যাত্রীবহন ক্ষমতা ভেসেলের গায়ে ও যাত্রী ওঠানামার স্থলে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

গ) সাধারণের শোনার ব্যবস্থাপনার মাধ্যমে নিম্নলিখিত বিষয়গুলিকে নিয়মিত ঘোষণা করতে হবে।

- ভেসেলের আগমন / প্রস্থান।
- আগমনী ভেসেলের যাত্রীবহন ক্ষমতা।
- জলোচ্ছাস / উচ্চ জোয়ারের সময় ইত্যাদি।
- রেল লাইন সম্পর্কিত সতর্কী করণ।
- স্পট - গেট ক্রিয়াকলাপ নিয়ন্ত্রনের জন্য প্রয়োজনীয় সহযোগীতা।

ঘ) ভেসেল জেটিতে লাগানোর পর যে সকল যাত্রীর বৈধ টিকিট আছে তাদেরকে গ্যাঙ্গওয়ে ও পন্টুনে প্রবেশের অনুমতি দেওয়া হবে।

ঙ) ফেরী চলাচল বন্ধ থাকাকালীন কোন যাত্রীকে গ্যাঙ্গওয়েতে দাঁড়ানোর অনুমতি দেওয়া যাবে না এবং পন্টুনের উদ্দেশ্যে অগ্রসর হতে পারবে না।

চ) উচ্চ জোয়ার আরম্ভের অন্তত পক্ষে ১০ মিনিট আগে ফেরীঘাটের প্রবেশদ্বার বন্ধ করতে হবে।

ছ) ভেসেল চালকদের যাত্রী সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত I.W.T নিয়মাবলী জানাতে হবে এবং কোন ভেসেলই যথাযথ জীবনদায়ী সরঞ্জাম, অগ্নিনির্বাপক সরঞ্জাম, আলো ও সিগন্যাল সংক্রান্ত সরঞ্জাম ব্যাতিরেকে চলাচল করতে পারবেন না।

জ) বিধিবদ্ধ সংস্থা কতৃর্ক প্রদত্ত সেরেঙ্গ ও ড্রাইভারদের পারদর্শিতা শংসাপত্র ব্যাতিরেকে কোন ভেসেল চলাচল করবে না। ঐ পারদর্শিতা শংসাপত্রে ফটোকপি ভেসেল চলাচলের সময় তাদের কাছে রাখতে হবে।

ঝ) পাড়াপারের সময় ভেসেল শুধুমাত্র পন্টুনে লাগবে এবং অন্যকোন ভেসেলের গায়ে লাগানো যাবে না।

ঞ) দক্ষ একদল ডুবুড়ি আপতকালীন পরিস্থিতির জন্য নিযুক্ত রাখতে হবে এবং তাদের নিয়মিত প্রশিক্ষণের বন্দোবস্ত কর্তৃপক্ষকে করতে হবে।

ট) ফেরীঘাটের সমস্ত কর্মচারীকে সচিত্র পরিচয় পত্র প্রদান করতে হবে এবং তার পরিচয় পত্রটি দৃশ্যমান হবে।

ঠ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিয়মিত নীরিক্ষণ এবং আকস্মিক পরিদর্শনের মাধ্যমে SOP-তে উল্লিখিত নির্দেশাবলী মেনে চলছে কি না সুনিশ্চিত করবে।

ড) জেটি গুলিতে যথোপযুক্ত আলোর সুবন্দোবস্ত করতে হবে। বর্ষায় পিচ্ছিলতা এড়ানোর জন্য গ্যাঙ্গওয়েতে সুরক্ষিত কাঠের পাটাতন থাকবে ও পন্টুন অমসৃন করতে হবে।

ঢ) সংযুক্ত প্ল্যাটফর্মের সন্ধিক্ষণে তৎসহ গ্যাঙওয়ের প্রবেশদ্বারে স্টপগেট অবশ্যই রাখতে হবে। উচ্চ জোয়ার শুরু হওয়ার প্রাক্কালে এবং ফেরী সার্ভিস বন্ধ থাকার সময় স্টপগেট বন্ধ রাখতে হবে। ব্যস্ত সময়ে গ্যাঙ্গওয়ে প্রবেশদ্বারের স্টপগেটটি বন্ধ রাখতে হবে যাতে যাত্রীরা গ্যাঙ্গওয়েতে ভিড় না করে ও যতক্ষণ না পর্যন্ত অবতরনকারী যাত্রীরা গ্যাঙ্গওয়ে থেকে বেড়িয়ে যাচ্ছে বিশেষ করে এপ্রিল থেকে সেপ্টেম্বর মাসে।

১৫। পরিষদের ফেরীঘাটগুলিতে যিনি ব্যাক্তিগত ভাবে / সংস্থার পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের "জলধারা" প্রকল্পের আওতায় আসবেন সেই সকল ব্যাক্তি / সংস্থাকে "জলধারা" প্রকল্পের স্মারক নং 769-WT/TR/P/3W-18/2018, DT. 28/01/2020-এর নির্দেশিকা অনুযায়ী ফেরীঘাট চালাতে হবে। সেক্ষেত্রে পুনর্নিলাম-এর বিজ্ঞপ্তিতে বর্ণিত পুনর্নিলাম-এ অংশগ্রহণের যোগ্যতা" অংশের "ক"-এর ১ নং শর্তটি সংযোজনী ৩-এ উল্লেখিত ফেরীঘাটটির ক্ষেত্রে প্রযোজ্য নয়।

১৬। পরিষদের কোনো ফেরীঘাট পুনর্নিলাম-এ আবেদনের মাধ্যমে ব্যাক্তিগতভাবে অথবা সংস্থার পক্ষে কোনো ব্যাক্তি ইজারা গ্রহণ করিলে এবং ইজারার মেয়াদ চলাকালীন উক্ত ফেরীঘাটে "জলধারা" ভেসেল প্রদত্ত হইলে ইজারাদার সেই ভেসেল গ্রহণ করিতে বাধ্য থাকিবে। উক্ত ভেসেলের জন্য নির্দিষ্ট ভাড়া ইজারাদার সময়ান্তরে পরিষদে জমা করিবে এবং উক্ত ভেসেলের রক্ষণা-বেক্ষণ ব্যয় ইজারাদারের উপরই ন্যাস্ত হইবে। অন্যথায় তাঁহার ইজারাসত্ত্ব এবং জমাকৃত ইজারামূল্য বাতিল হইবে পাশাপাশি তাঁর ভুটভুটি বাজেয়াপ্ত করা হইবে।

১৭। <u>নিলাম / পুনর্নিলাম-এ অংশগ্রহণের প্রয়োজনীয় কাগজপত্রঃ-</u>

ক) Application in proper format with One Passport Size Photo.
খ) Affidavit in given format on Rs. 10/- Non Judicial Stamp Pater with Notary Public.
গ) প্যান কার্ড এবং আধার কার্ড-এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।
ঘ) আয়কর (Income Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি। (কোম্পানি বা সমবায় সমিতির ক্ষেত্রে প্রযোজ্য)।
ঙ) আনন্দধারা'র অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্ঠী, সমবায় সমিতি এবং কোম্পানীগুলির ক্ষেত্রে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন সার্টিফিকেট।

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

হলফনামার বয়ান ঃ সংযোজনী - ১

আমি ______________________, বয়স ________ বছর, পিতা __________________, স্থায়ী বাস-গ্রাম ____________, পো:- _____________, থানা - _____________, জেলা _____________, বর্তমান নিবাস-গ্রাম _____________, পো:- _____________, থানা - _____________, জেলা _____________, পেশা ____________, ধর্ম __________, ব্যক্তিগত ভাবে এবং _________________________ (সংস্থার নাম)-এর দায়িত্ব প্রাপ্ত পদাধিকারী ________________ (যে যে পদে আসীন) রূপে. সজ্ঞানে ঘোষনা করিতেছি যে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদের স্মারক নং - /জেড.পি/ফেরী/পুনর্নিলাম /২৪, তারিখ : ২০২৪-এর অধীন প্রকাশিত পুনর্নিলাম-এ বিজ্ঞপ্তির 'ক', 'খ' ও 'গ' অনুচ্ছেদ সমূহের অধীনে বর্ণিত বিষয় ও শর্তাবলী পাঠ করিয়াছি ও ইহার মর্মার্থ অনুধাবন করিয়াছি। কবুল করিতেছি যে, আমি ও আমার সংস্থা পুনর্নিলাম-এ অংশগ্রহণের জন্য এবং ইজারার জন্য নির্বাচিত হইলে তাহা লাভের জন্য প্রয়োজনীয় সকল যোগ্যতার অধিকারী এবং কোনোভাবেই ইহার অযোগ্য নহি ও নহে। একইসঙ্গে এই মর্মে অঙ্গীকার করিতেছি, ইজারা লাভ করিলে আমি ও আমার সংস্থা উক্ত পুনর্নিলাম-এর বিজ্ঞপ্তির সকল শর্ত যে কোনো পরিস্থিতিতে যথাযথ মানিয়া চলিতে বাধ্য থাকিব ও থাকিবে। ভবিষ্যতে আমি ও আমার সংস্থা প্রদত্ত কোনো তথ্য অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হইলে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ দখলনামা খারিজ করিয়া আমার বা আমার সংস্থার বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে। একই সঙ্গে আরো অঙ্গীকার করিতেছি, আমি কোন ফেরীঘাট ইজারা পাইলে সেই ফেরীঘাটে সংশোধিত জেলা পরিষদ ২০২০ উপবিধি অনুযায়ী (১৮৬৫/জেড.পি/আর.ভি/ফেরী/২০২০, তারিখ : ২৯/১২/২০২০) যাত্রীভাড়া আদায় করিতে বাধ্য থাকিব ও সেই ভাড়া জেলা পরিষদের উক্ত সংশোধিত উপবিধি ২০২০-তে উল্লিখিত ভাড়া হইতে বেশী হইবে না।

উপরিউক্ত বিবৃতি সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

___________________ স্থানে, ________________ তারিখে ___________

সাক্ষর করিলাম :

সাক্ষী :

নাম ঠিকানা সাক্ষর

১.

২.

স্মারক নং :- ৩৩৭০/১(১৮)/জে.পে/অন্ত:বি/ফেরী/২৪ তারিখ : ০৫/১১/২৪

প্রতিলিপি অবগতি ও প্রচারের জন্য প্রেরিত হ'ল :

১। যুগ্ম সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর।
২। সহকারী সভাধিপতি, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৩। সচিব, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৪। জেলা বাস্তুকার, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৫। অর্থ নিয়ামক ও প্রধান গাণণিক আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৬। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৭। ____________________, নিলাম কমিটির সদস্য / সদস্যা। পুনর্নিলাম-এর দিনটিতে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
৮। জেলা পরিষদের সদস্য / সদস্যা এবং পরিষদের কর্মাধ্যক্ষগণ, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৯। মহকুমা শাসক, ক্যানিং / কাকদ্বীপ / ডায়মন্ড হারবার / বারুইপুর / আলিপুর সদর, দক্ষিণ ২৪ পরগনা।
১০। সভাপতি, ____________________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগনা।
১১। সমষ্টি উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক ____________________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগনা। (আপনার আওতাধীন সকল থানা ও সকল গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের সকল সদস্য ও সদস্যাকে অবহিত করার অনুরোধ করা হল)।
১২। ভারপ্রাপ্ত আধিকারিক, ________________________________________ থানা দক্ষিণ ২৪ পরগনা
১৩। জেলা শাসকের অফিস নোটিশ বোর্ড।
১৪। জেলা পরিষদের অফিস নোটিশ বোর্ড।
১৫। সভাধিপতি / জেলা শাসক-এর আপ্ত সহায়ক।
১৬। প্রধান,____________________ গ্রাম পঞ্চায়েত, দক্ষিণ ২৪ পরগনা। আপনার পঞ্চায়েতে অবস্থিত ফেরীঘাটে ২০২৪ - ২৫ আর্থিক বছরের । পুনর্নিলাম-এর বিজ্ঞপ্তিটির প্রতিলিপি জনগণের স্বার্থে টাঙ্গানোর জন্য আপনাকে অনুরোধ করা হল।
১৭। DIO, NIC, South 24 Praganas জেলার ওয়েবসাইটে (s24pgs.gov.in) বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করুন।
১৮। জেলা তথ্য বিশ্লেষক - জেলা পরিষদ, zps24pgs.wb.gov.in ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করুন।

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

নিলামে / পুনর্নিলামে অংশগ্রহনের আবেদন পত্রের বয়ান

সংযোজনী - ২

প্রতি,

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ
আলিপুর, কলকাতা ২৭

বিষয় : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ফেরীঘাটের
নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহনের জন্য আবেদন।

মহাশয়,

আপনার নিকট আমার আবেদন এই যে আমি শ্রী / শ্রীমতী . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , পিতা / স্বামী . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . (সম্পাদক / সভাপতি / সদস্য , . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ..) গ্রাম : . . . . . . . . . . . . . . . . . . . . . ., পোষ্ট : . . . . . . . . . . . . . . . . . . . . , থানা : . . . . . . . . . . . . . . . , জেলা : দক্ষিণ ২৪ পরগণা, পিন নং- . . . . . . . . . . . . . ., আমি . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . তারিখের . . . . . . . . . . . . . . . . . . . ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে ইচ্ছুক।

সুতরাং আমাকে উক্ত ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে দেবার জন্য অনুরোধ করছি।

**সংযোজনীঃ**

১. প্যান কার্ড এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
২. আধার কাড এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
৩. আয়কর (Income Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
৪. রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।

ইতি

তারিখ : . . . . . . . . . . . . .

মোবাইল নং- . . . . . . . . . . . . . . . . .      . . . . . . . . . . . . . . . .

(ইংরাজী) . . . . . . . . . . . . . . . .

সংযোজনী - ৩

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম বাৎসরিক ইজারা মূল্য (টাকা) | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আর.ভি ১/৫/... | আকড়া | মহেশতলা | মহেশতলা হাওড়া | আকড়া | মানিকপুর | ১৯/১১/২০২৪ | ১৮/১১/২০২৪ বেলা ৩ টার মধ্যে, রাজস্ব বিভাগের ড্রপ বক্স-এ | ১৩৮২৭৩৯ টাকা | ২১/১১/২০২৪ হইতে ২০/১১/২০২৭ পর্যন্ত |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ